আয়ুর্বেদীয় ঔষধ ও তৈলাদির
নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
ব্রজশশী আয়ুর্বেদ ভবনের
চ্যবনপ্রাশ
কবিরাজ শ্রীরোহিনীকুমার রায়, বি-এ,
কবিরত্ন, বৈদ্যশেখর
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

হাতে কাটা
বিশুদ্ধ পৈতা
পণ্ডিত-প্রেসে পাইবেন।



Registered
No. C. 853


# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র


## বহরমপুর এক্সরে ক্লিনিক

স্বল গম্বুজের নিকট
পোঃ বহরমপুর : মুর্শিদাবাদ
জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা
★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।
জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।



৫১শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—৮ই পৌষ বুধবার, ১৩৭১ ইং 23rd Dec. 1964 | ৩০শ সংখ্যা





সকল ঘরের তরে...
দীপ্তি লণ্ঠন
ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রিজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

## রান্নায় আনন্দ

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলো, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।



খাস জনতা
কেরোসিন কুকার

ভারতে তৈরী ও বিপুলতা আমাদের।

দি ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

## আর. পি. ওয়াচ কোং

পোঃ রঘুনাথগঞ্জ — জেলা মুর্শিদাবাদ।
ছোট বড় যে কোন ঘড়ি, দেওয়াল ঘড়ি ও হাতঘড়ি সুলভে নির্ভরযোগ্য মেরামতের জন্য আর. পি. ওয়াচ কোং র দোকানে পাঠিয়ে দিন। বিনীত—শ্রীশঙ্করপ্রসাদ ভকত

স্টুডেন্টস ফেভারিট

রঘুনাথগঞ্জ, (বাস ষ্ট্যাণ্ড) মুর্শিদাবাদ
★ পাঠাগার, স্কুল ও কলেজের সব রকমের বই, খেলার সরঞ্জাম, কাগজ পেন ইত্যাদি সবচেয়ে সুবিধায় কিনুন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

৮ই পৌষ বুধবার সন ১৩৭১ সাল।

## দেশের সেবক বেশে দেশের সে বক

—•—

বনবাসকালে রামচন্দ্র পম্পা নদীর তীরে দেখিলেন একটি বক ধীরে ধীরে পা ফেলিয়া জলের দিকে অগ্রসর হইতেছে। রামচন্দ্র মহারাজ দশরথের জ্যেষ্ঠ পুত্র বলিয়া পিতার খুব আদরের সন্তান ছিলেন। বহির্জগতের সঙ্গে তাঁহার সম্বন্ধ কম ছিল। তিনি অত্যন্ত গুণগ্রাহী ছিলেন বলিয়া সকলের গুণই দেখিতেন। অনেকের দোষকেও গুণ বলিয়া গ্রহণ করিতেন। হিংস্র বক আহার অন্বেষণে জলের দিকে অগ্রসর হইতেছে ধীরে ধীরে। পায়ের শব্দ শুনিয়া তাহার শিকার মৎস্য সাবধান হইবে সন্দেহে ধীরে ধীরে নিঃশব্দে যাইতেছে। বকের এই হিংস পদবিক্ষেপকে গুণ বলিয়া গ্রহণ করিয়া তাহাকে ধাৰ্ম্মিক বলিয়া মুগ্ধ হইয়াছেন। তাঁহার অনুজ লক্ষ্মণ তখন আহার্য্যাদি অন্বেষণে স্থানান্তরে গিয়াছিলেন। তিনি জ্যেষ্ঠের নিকট উপস্থিত হইবামাত্র বকের গুণমুগ্ধ রামচন্দ্র বলিলেন—

**শনৈঃ শনৈঃ ক্ষিপেৎ পাদৌ**
**প্রাণীনাং বধ শঙ্কয়া।**
**পশ্য লক্ষ্মণ পম্পায়াং**
**বকঃ পরম-ধার্ম্মিকঃ॥**

ভাবার্থ—কোন প্রাণী তাহার পায়ের চাপে বধ হইতে পারে—এই ভয়ে আস্তে আস্তে বক তাহার পদবিক্ষেপ করিতেছে—লক্ষ্মণ, পম্পা তীরে পরম ধাৰ্ম্মিক বককে দর্শন কর।

লক্ষ্মণ রামচন্দ্রের মত পিতার আদরে রাজধানীতেই কালাতিপাত করেন নাই। বহির্জগতের বহু জ্ঞান তিনি অর্জ্জন করিয়াছিলেন।

জ্যেষ্ঠের এই কথা শুনিয়া সসম্মানে তিনি উত্তর দিলেন—

**ন জানাসি রাঘব ত্বং**
**বকঃ পরম-দারুণঃ—**
**নির্জীব-ভক্ষকো গৃধ্রঃ**
**সজীব-ভক্ষকো বকঃ।**

লক্ষ্মণ বলিলেন—হে রাঘব আপনি জানেন না—বক অতি দারুণ প্রাণী—গৃধ্র (শকুন) নির্জীব প্রাণীর মাংস ভক্ষণ করে কিন্তু বক জীবন্ত প্রাণী ধরিয়া খাইয়া থাকে।

বকের হিংস স্বভাব হইলেও গুণগ্রাহী রামচন্দ্র তাহার ধীর পদবিক্ষেপ দেখিয়া তাহাকে ধাৰ্ম্মিক বলিয়া ভ্রান্ত ধারণা করিয়াছিলেন।

এই বক চরিত্রের মানুষ দেশের সেবক সাজিয়া কত প্রাণী বধ করিতেছে তাহার ইয়ত্তা নাই।

দেশের সেবক সাজিয়া দেশবাসীদের মঙ্গল করিবার ছলনা করিয়া সরল প্রাণ ব্যক্তির বিশ্বাস জন্মাইয়া নিজের স্বার্থ সিদ্ধি করিয়াছে ও করিতেছে। মহাত্মা গান্ধীর একান্ত সচিব (সেক্রেটারী) শ্রীনির্ম্মল বসু ও স্বাধীন ভারতের স্বনামধন্য কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী মরহুম মৌলানা আবুল কালাম আজাদের লিখিত পরম ধাৰ্ম্মিকের সেবকত্বের মধ্যে সে বকত্ব দেখিয়া চমকিত ও চমৎকৃত হইবেন। মহারাজ দশরথের আদরের জ্যেষ্ঠ পুত্র রামচন্দ্র যেমন হিংস্র জন্তু বকের পরম ধাৰ্ম্মিকত্ব দেখিয়া ভুল করিয়াছিলেন, তেমনি ভারতের স্বাধীনতা প্রয়াসী স্বরাজ্য দলের স্বর্গত মতিলাল নেহরুর আদরের একমাত্র পুত্র কত আন্তরিক স্বার্থপর বাহিক স্বার্থত্যাগী দেশ সেবকরূপী বককে ধাৰ্ম্মিক জ্ঞানে ভুল করিয়াছেন।

ইংরাজ দুই শত বৎসরে যে দুর্গতি দিতে পারে নাই আজ ভারতবাসী পথে ফেলা পাত হইতে কুকুরের সঙ্গে ভাত কুড়াইয়া খাইতেছে। বহু বকরূপী সেবক এর জন্য দায়ী। সেবকবেশী বকগুলি থাকিতে দেশের মঙ্গল নাই।

—

# স্বাধীন ভারতে

## দুর্নীতি সন্ধানে

## কেন্দ্রের পাঁচটি দপ্তর সম্পর্কে

# পুলিশী তদন্ত শেষ

(ভারতে সর্ব্বাধিক প্রচারিত প্রথম শ্রেণীর দৈনিকের বিশেষ সংবাদদাতা প্রদত্ত সংবাদ)

—•—

নয়াদিল্লি, ১৯শে ডিসেম্বর—স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কেন্দ্রীয় তদন্ত ব্যুরোর বিশেষ পুলিশ সংস্থা পাঁচটি কেন্দ্রীয় মন্ত্রণালয় ও বিভাগে দুর্নীতি বিরোধী অভিযান শেষ করিয়াছে বলিয়া জানা গিয়াছে।

শ্রম মন্ত্রণালয় ও উহার বিভিন্ন বিভাগ, আয়কর সহ রাজস্ব বিভাগ, কেন্দ্রীয় আবগারী ও শুল্ক বিভাগ রেলের মাল বুকিং বিভাগ কেন্দ্রীয় পূর্ত বিভাগ এবং সরকারী সংস্থা বিভাগে দুর্নীতি বিরোধী অভিযান চালান হয়। দেশের সর্বত্র কেন্দ্রীয় অফিসগুলিতে তদন্ত করা হইতেছে। এই অভিযানে বিভিন্ন বিভাগে দুর্নীতিপরায়ণ অফিসারদের খুঁজিয়া বাহির করার জন্য বিশেষভাবে চেষ্টা করা হইতেছে।

কেন্দ্রীয় দপ্তর হইতে দুর্নীতি দূর করার জন্য স্বরাষ্ট্রমন্ত্রী শ্রীনন্দ যে সব ব্যবস্থা অবলম্বন করিয়াছেন, বর্তমান অভিযান তাহার অন্যতম। দুর্নীতি বিরোধী অভিযানের ফলে দুর্নীতি ও সংশ্লিষ্ট বিষয় সম্পর্কে ২২০টি সংবাদ পাওয়া যায়। ৯৭টি ক্ষেত্রে তদন্ত চলিতেছে বা মামলা দায়ের করা হইয়াছে। ৭৫টি ক্ষেত্রে অভিযোগের সত্যাসত্য বিচার করিয়া দেখা হইতেছে এবং ২৩টি ক্ষেত্রে বিভাগীয় ব্যবস্থার জন্য পরামর্শ দেওয়া হইয়াছে। তদন্তের ফলে যে সব তথ্য পাওয়া গিয়াছে তাহাতে দেখা যায় যে, দুর্নীতির পন্থাগুলি মোটামুটি এইরূপ: অর্ডার ও কনট্রাক্ট দিবার সময় পক্ষপাত প্রদর্শন, নির্দিষ্ট মান অনুযায়ী প্রস্তুত করা হয় নাই, এমন দ্রব্যাদি গ্রহণ, নিকৃষ্ট শ্রেণীর মালের জন্য উৎকৃষ্ট শ্রেণীর মালের দাম প্রদান স্ত্রী বা অন্য আত্মীয়স্বজনের নামে ব্যবসায় পরিচালন এবং ঐ জন্য সরকারী পদমর্য্যাদার অপব্যবহার, সরকারী ষ্টোরে চুরি, বিশেষ

কোম্পানীর নিকট গোপন তথ্য পাচার, মাষ্টার রোলে ভুয়া নাম রাখিয়া বেতনের টাকা তছরূপ, সরকারী গাড়ীর অপব্যবহার প্রভৃতি।

## পুলিশের মত পুলিশ

পুলিশের মত পুলিশ হইলে সম্মানাস্পদ মন্ত্রী বা উচ্চ রাজপদস্থিত যত বড় রাজপুরুষ হউন, কর্ত্তব্য-পরায়ণ শান্তিরক্ষক পুলিশের হাতে তাদের নিস্তার নাই।

মুর্শিদাবাদ জেলার মহকুমা জঙ্গিপুর সহরের মিউনিসিপ্যালিটীর মধ্য দিয়া ভাগীরথী নদী গঙ্গার মোহানা হইতে বাহির হইয়া বঙ্গোপসাগরে মিলিতা হইবার জন্য কলিকাতা অভিমুখে প্রবাহিতা হইয়া চলিয়াছে। জঙ্গিপুর মিউনিসিপ্যালিটীর যে অংশ ভাগীরথীর গতিপথের বাম হস্তের দিকে পড়ে সেই অংশের নাম **জঙ্গিপুর**। যে অংশ ডান হাতের দিকে পড়ে তার নাম **রঘুনাথগঞ্জ**। জঙ্গিপুরের মহকুমা অফিস, ফৌজদারী আদালত, দেওয়ানী ( মুন্সেফী আদালত ), মিউনিসিপ্যাল অফিস, থানা, জেলখানা, দাতব্য চিকিৎসালয় রঘুনাথগঞ্জেই অবস্থিত। উভয় পারেই ডাকঘর আছে। অফিস আদালত রঘুনাথগঞ্জে বলিয়া রঘুনাথগঞ্জের পোষ্টা-পিসের সঙ্গে টেলিগ্রামের ব্যবস্থা আছে।

আমরা যে স্কুলে পড়ি সেটা তখন জঙ্গিপুরের পারে। জঙ্গিপুরের পারে সরকারী টোল অফিস ছিল। স্থানীয় জমিদারগণের বৃহৎ বৃহৎ অট্টালিকা জঙ্গিপুরের পারে অবস্থিত।

আমরা যে গ্রাম হইতে স্কুলে পড়িতে আসিতাম তার নাম দফরপুর। জঙ্গিপুর রঘুনাথগঞ্জ হইতে ভাটি দিকে ( দক্ষিণে ) ৩ মাইল দূরে অবস্থিত।

আমাদের পঠদ্দশায় জঙ্গিপুরে একজন প্রৌঢ় বয়স্ক পুলিশ ছিলেন। যত বড় উচ্চপদস্থ শাসকই হউন, অপরাধজনক কার্য্য করিয়া সেই পুলিশের নিকট কাহারও নিস্তার ছিল না। তাঁহার কর্ম্ম-পদ্ধতি ডিটেক্‌টিভ পুলিশের কাহিনীতে পূর্ণ। তাঁহার কর্ম্মপদ্ধতি ক্রমশঃ প্রকাশ করিব।

( ক্রমশঃ )

---


## পরিবার পরিকল্পনা

### অস্ত্রোপচার ( ভ্যাসেক্‌টমি ব্যবস্থা )

নিম্নলিখিত প্রতিষ্ঠানে বিনা খরচে যোগ্য দম্পতিদের ক্ষেত্রে পুরুষদের অস্ত্রোপচারের সাহায্যে বন্ধ্যাকরণের ব্যবস্থা আছেঃ

**রাও জে, এন, রায় হাসপাতাল**
**বহরমপুর, মুর্শিদাবাদ**

এই সম্পর্কে বিশদ বিবরণ যে কোনও কাজের দিন উপরোক্ত হাসপাতালের সহিত যুক্ত পরিবার পরিকল্পনা কল্যাণকেন্দ্র হইতে জানা যাইবে।

W. B. (P) Adv-D. 7717/64


## নাট্যাভিনয়

বালিঘাটা ( রঘুনাথগঞ্জ ) পরেশনাথ পাঠাগারের সাহায্যকল্পে তিন দিনব্যাপী নাট্য অনুষ্ঠানের আয়োজন করেন পাঠাগারের সভ্যবৃন্দ। গত ২০শে ডিসেম্বর বহরমপুর গোরাবাজারের দল কর্তৃক "অমৃতের সন্তান" অভিনীত হয়। রচনা ও পরিচালনা শ্রীকার্ত্তিকচন্দ্র সাহা। ২১শে ও ২২শে ডিসেম্বর 'সাজাহান' মঞ্চস্থ হয়। পরিচালনায় ছিলেন প্রবীণ নট শ্রীপশুপতি চট্টোপাধ্যায়। তিন দিনই অভিনয় সাফল্যমণ্ডিত হয় প্রতিটি শিল্পীর অভিনয়ে। সাজাহান, ঔরংজীব ও দারার ভূমিকায় বিশ্বপতি চট্টোপাধ্যায়, গৌরীপতি চট্টোপাধ্যায় ও বিশ্বনাথ দাস যথেষ্ট কৃতিত্বের পরিচয় দেন। জিহনআলী খাঁর ভূমিকায় পরিচালক মহাশয় ও জহরৎ-এর ভূমিকায় কুমারী মৈত্রেয়ী চট্টোপাধ্যায় যথেষ্ট দক্ষতার পরিচয় দেন। অন্যান্য শিল্পীদের অভিনয় যথাযথ।

---


**জাতীয় প্রতিরক্ষা তহবিলে**
**মুক্তহস্তে দান করুন**


## বন্যেশ্বর ছাত্রসঙ্ঘ

### ফুটবল প্রতিযোগিতা

গত ২৮শে নভেম্বর শনিবার বৈকাল ৩-৫০ টায় বন্যেশ্বর ফুটবল মাঠে মোরগ্রাম ফুটবল ক্লাব বনাম জিনদীঘি ফুটবল ক্লাবের মধ্যে প্রতিযোগিতা হয়। মোরগ্রাম দল ১—০ গোলে জয়লাভ করিয়া বিজয়ী কাপ পাইয়াছে। খেলার পর ফুটবল-কমিটি সমবেত ভদ্রমণ্ডলীকে চা পানে আপ্যায়িত করেন।

---

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

নিলামের দিন ১১ই জানুয়ারী, ১৯৬৫

১৯৬১ সালের ডিক্রীজারী

৪১ মনি ডিঃ জ্যোৎস্নাময়ী সরকার দিং দেং গোবিন্দদাস নাথ মৃতাস্তে গোষ্ঠবিহারী নাথ দিং দাবি ৮৪'৮২ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে জঙ্গিপুর ২২ শতক জমির অর্দ্ধাংশ ১১ শতকের কাত ৳৵৫ পাই আঃ ৪০৲ খং ২২৪০ স্থিতিবান স্বত্ব ৩নং লাট মৌজাদি ঐ ১৩ শতক মধ্যে ৪ শঃ কাত ।৶৮ পাই আঃ ১৮৲ খং ২২৪১ ৪নং লাট মৌজাদি ঐ ১৩ শঃ মধ্যে ৪ শঃ কাত ।৶৮ পাই আঃ ১৮৲ খং ২২৪৩




বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি, কে, সেনের
**আমলা** কেশ



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২



শীতে ব্যবহারোপযোগী
মৃতসঞ্জীবনী সুধা, মহাদ্রাক্ষারিষ্ট চ্যবনপ্রাশ

**ঢাকা আয়ুর্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত**

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ
অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।


প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

## আর্ট ইউনিয়ন

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি:

সেলস অফিস ও শোরুম
৮৩/১এ, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৫
ফোন: ৫৫-৪১৬৮



## শ্রীঅরুণ

কমার্শিয়াল আর্টিষ্ট ও ফটোগ্রাফার

ছায়াবাণী সিনেমার সম্মুখে

পোঃ রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ



*জঙ্গিপুর সংবাদ* সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২.২৫ নঃ পঃ অগ্রিম দেয়, নগদ মূল্য ০৬ নঃ পঃ।

বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন। ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)